



# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অর্থ ও হিসাব দপ্তর

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

www.iau.edu.bd iauacc25913@gmail.com



স্মারক নং - ইআবি/অওহি/পরীক্ষা পারিতোষিক (৬৫)/২০১৮/ ২৮-৫

তারিখ: ০৬/০২/২০১৯ খ্রি.

## অফিস আদেশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর ০৩/১২/২০১৮ তারিখের স্মারক নং ইআবি/অওহি/পরীক্ষা পারিতোষিক (৬৫)/২০১৮/২৫৯ অনুযায়ী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসার সম্মানিত শিক্ষকদের পারিতোষিক ও অন্যান্য বিলের অর্থ দ্রুত নিশ্চিত প্রেরণ করার নিমিত্ত ১৩/১২/২০১৮ ইং তারিখের মধ্যে নিকটস্থ অগ্রণী ব্যাংক লি. এ হিসাব খুলে exam.iau.edu.bd ওয়েব সাইটে হিসাবের নাম, নম্বর, ব্যাংকের শাখার নাম, পরীক্ষার বিষয় কোড এবং পরীক্ষক কোড ইত্যাদি উল্লেখ করে ছক পূরণ করার অনুরোধ করা হয়েছিল কিন্তু অনেক শিক্ষক এখনও তাদের হিসাবের নাম, নম্বর, ব্যাংকের শাখার নাম, পরীক্ষার বিষয় কোড এবং পরীক্ষক কোড উল্লেখ করে ছক পূরণ করেন নি। এরই মধ্যে অনেকগুলো পারিতোষিক বিল প্রস্তুত করা হলেও শিক্ষকদের অগ্রণী ব্যাংকে হিসাব নং না থাকায় তাদের বিলের অর্থ প্রেরণ করা সম্ভব হচ্ছেনা।

এমতবস্থায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসার সম্মানিত শিক্ষকদের পারিতোষিক ও অন্যান্য বিলের অর্থ দ্রুত প্রেরণ নিশ্চিত করার জন্য যথাশীঘ্র নিকটস্থ অগ্রণী ব্যাংক লি. এ হিসাব খুলে হিসাবের নাম, নম্বর, ব্যাংকের শাখার নাম, পরীক্ষার বিষয় কোড এবং পরীক্ষক কোড ইত্যাদি উল্লেখ করে exam.iau.edu.bd ওয়েব সাইটে তথ্য ছক পূরণ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

উল্লেখ্য, সম্মানিত শিক্ষকদের পারিতোষিক ও অন্যান্য বিলের অর্থ কোনো ক্রমেই চেকের মাধ্যমে প্রদান করা যাবে না।

মোঃ ছিদ্দিকুর রহমান ভূঞা  
পরিচালক (অর্থ ও হিসাব)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
মুঠোফোনঃ ০১৭৩০৫৯৪০০৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. ডীন, ফাজিল (স্নাতক) শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. পরিদর্শন দফতর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. স্পি এ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. অফিস নথি।